মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
কার্যালয়ঃ ৩৪৬/২,ঢোলাদিয়া রোড,কাঠগোলা বাজার, ময়মনসিংহ
ফোন ঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)
E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

নং- এসএসসি/রেজিঃ/২০২৪/১২৫৩ তারিখঃ ২৩/০৪/২০২৫ খ্রি.

## জরুরী বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে এ বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষককে জানানো যাচ্ছে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে (২০২৪ সালের নবম শ্রেণির শিক্ষার্থী) অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের লক্ষ্যে ফিসমূহ সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় নিম্নেবর্ণিত জরুরি নির্দেশাবলি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

### জরুরী নির্দেশাবলি

i. বোর্ড রেগুলেশনের ৩৯(২) ধারা অনুযায়ী ১২ বছর পূর্ণ না হলে এবং ১৮ বছরের অধিক হলে কোন ছাত্র/ছাত্রী নবম শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২৩ বছর;

ii. জনপ্রতি রেজিস্ট্রেশন ফি : ক) বিলম্ব ফি ব্যতিত জনপ্রতি ২৩১/= (দুইশত একত্রিশ) টাকা ও
খ) বিলম্ব ফিসহ জনপ্রতি ৩৭১/= (তিনশত একাত্তর) টাকা মাত্র;

iii. বিলম্ব ফি জনপ্রতি : ১৪০/= (একশত চল্লিশ) টাকা মাত্র;

iv. সকল শিক্ষা প্রতিষ্ঠানের হালসন নাগাদ স্বীকৃতি থাকতে হবে এবং বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ব্যতীত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা যাবে না;

v. নিজ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী ব্যতীত অন্য কোন শিক্ষার্থীকে কোন অবস্থাতেই রেজিস্ট্রেশনভুক্ত করা যাবে না। যদি এর ব্যত্যয় ঘটে তাহলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

vi.ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের (www.mymensingheducationboard.gov.bd) Our Services এ গিয়ে Institute Panel এ প্রবেশ করে স্ব স্ব প্রতিষ্ঠানের EIIN এবং বোর্ড হতে প্রদানকৃত Password দিয়ে লগইন করতে হবে। তারপর Registration অপশনে গিয়ে Nine 2024-25 বাটনে Click করতে হবে। এরপর Add New Student বাটনে Click করলে একটি তথ্য ফরম দৃশ্যমান হবে। প্রয়োজনীয় তথ্যানুযায়ী শিক্ষার্থীর Jsc Roll, Jsc Reg.no, Jsc Board ও পূরণ Jsc passing Year, করে Submit করতে হবে। এভাবে পুনঃপুন সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। সকল রেজিস্ট্রেশন সম্পন্নের পর শিক্ষার্থীদের তালিকা Print Non Final Student List এ চলে যাবে। অতঃপর Print Non Final Student List পর্যবেক্ষণের পর শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের ফিস প্রদান করতে হবে। ফিস প্রদানের জন্য Payment গেটওয়ে বাটনে Click করে ফিস প্রদান করতে হবে। ফিস প্রদানের পর Print Final Student List এ Final Submit বাটনে Click করতে হবে। পরবর্তীতে Print Final Student List বাটনে Click করে রেজিষ্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তালিকা প্রিন্ট করতে হবে।

[প্রবাহচিত্র ঃ www.mymensingheducationboard > our services> institute panel> registration> Nine 2024-25> add new student>jsc roll>jsc reg.>jsc board>jsc passing year> submit> payment>final submit.]

vii. ফি জমাদান ও eSIF পূরণের তারিখ: জরিমানা ছাড়া ২৪ এপ্রিল ২০২৫ থেকে ২২ মে ২০২৫ পর্যন্ত;

রেজিস্ট্রেশন ফি ও অন্যান্য ফি এর হার নিম্নরূপ ঃ

| | |
|---|---|
| ক. অনলাইন রেজিস্ট্রেশন ফি (শিক্ষার্থী প্রতি) | ৮০/= |
| খ. ক্রীড়া ফি (শিক্ষার্থী প্রতি) | ৫০/= |
| গ. রেড ক্রিসেন্ট ফি (শিক্ষার্থী প্রতি) | ১৬/= |
| ঘ. বয় স্কাউটস/ গার্লস গাইড ফি (শিক্ষার্থী প্রতি) | ২৫/= |
| ঙ. বিজ্ঞান ও প্রযুক্তি ফি (শিক্ষার্থী প্রতি) | ০৫/= |
| চ. বি.এন.সি.সি. ফি (শিক্ষার্থী প্রতি) | ০৫/= |
| ছ. উন্নয়ন ফি (শিক্ষার্থী প্রতি) | ৫০/= |
| জ. বিলম্ব ফি (শিক্ষার্থী প্রতি) | ১৪০/= |
| ঞ. ফি- এর পরিমাণ (বিলম্ব ফি ব্যতিত) | ২৩১/= |
| (বিলম্ব ফিসহ) | ৩৭১/= |

* শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ খ্রি. তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৯ম ও ১০ম শ্রেণিতে (২০+২০)=৪০/- টাকা হারে রেডক্রিসেন্ট ফি আদায় করে, আদায়কৃত অর্থের ৪০% অর্থাৎ ১৬/- টাকা হারে শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে ও অবশিষ্ট ৬০% অর্থাৎ ২৪/- টাকা টাকা হারে শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে (স্বতন্ত্র একাউন্ট খুলে) যুব রেডক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রাখতে হবে।

viii. শিক্ষা মন্ত্রণালয়ের ১৯/০৮/২০১৯ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০০৫.১৩.২৬১ মোতাবেক ক্রীড়া ফি ৩০/- (ত্রিশ) টাকার স্থলে ৫০/- (পঞ্চাশ) টাকা করা হয়েছে।

ix. ফি জমাদানের জন্য বোর্ডে আসার প্রয়োজন নাই;

x. অনলাইন শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্নের পর (অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি ফরম ও সনদের সাথে মিলিয়ে ভালভাবে চেক করবেন। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থীদের সংযুক্ত করা যাবে না। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। শিক্ষার্থীদের তথ্যে ভুল-ক্রটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন;

xi. উর্পযুক্ত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা এ কারণে শিক্ষার্থীর কোনো সমস্যা হলে এর দায়-দায়িত্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

23.04.2025
(প্রফেসর ড.মোঃ দিদারুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মেমো নং- ১২৫৩ (৭) তারিখঃ ২৩/০৪/২০২৫ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৩. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪. উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৫. সহকারী প্রোগ্রাম, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৬. পি এস-টু চেয়ারম্যান,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৭. অফিস কপি।

23.04.2025
(সাখাওয়াত হোসেন)
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।